গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ সংক্রান্ত "নৈতিকতা কমিটির" ৩য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মেজবাহ উদ্দিন<br>সচিব |
| সভার তারিখ | ২৮ মার্চ ২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা ১১.০০ টা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ/ভার্চুয়াল |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা' বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি'র ৩য় সভায় অংশগ্রহণকৃত এ মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। এরপর সভাপতি শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার কার্যপত্র অনুযায়ী তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা গত ২৯ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করলে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে তা অনুমোদন করেন।

০৩। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট গত ২৯ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ভার্চুয়াল সভার সিদ্বান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ উপস্থাপন করেন:

| ক্র.নং | বৈঠকের আলোচ্যসূচি | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়ন অগ্রগতির হার |
|---|---|---|---|
| (ক) | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১- ২২'-এর নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫/০১/২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | এ মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২'-এর নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ০৫/০১/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১০০% |

| | | | |
|---|---|---|---|
| (খ) | এ মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২' অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ/২০২২) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | এ মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২' অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ/২০২২) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% |
| (গ) | এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ২য় কোয়ার্টরের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর মন্ত্রণালয় কর্তৃক ৩০/০১/২০২২ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে। | এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্হা নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ২য় কোয়ার্টরের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করেছে এবং দপ্তর/সংস্হা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর মন্ত্রণালয় কর্তৃক গত ২৭/০১/২০২২ তারিখে দপ্তর/সংস্হা সমূহকে ফিডব্যাক প্রদান করা হয়েছে। | ১০০% |
| (ঘ) | ২০২০-২১ অর্থবছরের যুব কল্যাণ তহবিল এর সিলেট বিভাগের অনুদান প্রদানে সুবিধাভোগি নির্বাচন প্রক্রিয়া এ মন্ত্রণালয়ের উপসচিব (যুব-১) কর্তৃক পরিবিক্ষণ পূর্বক আগামী ১৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন জমা দিতে হবে। | ২০২০-২১ অর্থবছরের যুব কল্যাণ তহবিল এর সিলেট বিভাগের অনুদান প্রদানে সুবিধাভোগি নির্বাচন প্রক্রিয়া এ মন্ত্রণালয়ের উপসচিব (যুব-১) কর্তৃক পরিবিক্ষণ করা হয়েছে। পরিবিক্ষণ প্রতিবেদনটি গত ১০ মার্চ ২০২২ তারিখে এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার শাখায় জমা হয়েছে। | ১০০% |
| (ঙ) | দপ্তর/সংস্থার বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পৃথক পৃথকভাবে সভায় উপস্থাপন করতে হবে। তবে মন্ত্রিপরিষদ বিভাগে সমন্বিত আকারে প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্থার বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পৃথক পৃথকভাবে সভায় উপস্থাপন করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগে সমন্বিত আকারে প্রেরণ করার জন্য প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। | ১০০% |

সভাপতি ২৯ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি'র সভার সিদ্ধান্তসমূহ শতভাগ (১০০%) বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

০৪। এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২' অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ/২০২২) অগ্রগতির তথ্যাদি সভায় উপস্থাপন করেন:

| ক্র.নং | কার্যক্রম | ৩য় কোয়ার্টাররের<br>লক্ষমাত্রা | ৩য় কোয়ার্টারে<br>বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন । | ১ টি | ১ টি |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন । | ৬০%<br>(২৯/০৬/২১ তারিখের সভায় ৪টি, ৩০/০৯/২১ তারিখের সভায় ৪টি এবং ২৯/১২/২১ তারিখের সভায় ৫টি সর্বমোট ১৩ টি সিদ্ধান্ত ছিল) | ১০০%<br>২৯/০৬/২১ তারিখের সভার ৪টি সিদ্ধান্ত, ৩০/০৯/২১ তারিখের সভার ৪টি এবং ২৯/১২/২১ তারিখের সভার ৫টি সর্বমোট ১৩ টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে) |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ১ টি | ১ টি<br>আয়োজনের তারিখ: ২৮ /০৩/২২ |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন । | ১ টি | ১ টি<br>(প্রশিক্ষণ আয়োজনের তারিখ: ১৪/০৩/২২,<br>প্রশিক্ষণার্থীর সংখ্যা: ৫০ জন) |
| ১.৫ | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি<br>১. পরিস্কার পরিচছন্নতা বৃদ্ধি।<br>২.সুরক্ষা সামগ্রী বিতরণ ।<br>৩. টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ | ৩ টি<br>ও<br>৩১/০৩/২২ | ৩ টি<br>ও<br>২০/০৩/২২ |
| ১.৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ। | ১৫/০১/২২ | ০৫/০১/২২ |
| ১.৭ | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ৩০/০১/২২ | ২৭/০১/২২ |
| ২.১ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ । | ৩১/০৩/২২ | ২৮/০৩/২২ |
| ২.২ | প্রকল্পের PSC সভা আয়োজন । | PSC-১৩ | PSC-১৩<br>PSC সভার তারিখ: ০৬/০৩/২২ |
| ২.৩ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন। | ৬০% | ২৮.৭ %<br>(জাতীয় ক্রীড়া পরিষদ: ১৮.১%<br>যুব উন্নয়ন অধিদপ্তর : ১৪.৩%<br>বিকেএসপি : ১০.৩%) |
| ৩.৩ | যুব কল্যাণ তহবিল এর সিলেট বিভাগের অনুদান প্রদানের সুবিধাভোগি নির্বাচন প্রক্রিয়া পরিবিক্ষণ। | ৩১/০৩/২২ | ১০/০৩/২২ |

০৫। এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট এ মন্ত্রণালয়ের ‘জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,

২০২১-২২’ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন/২০২২) গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপন করেন। এ মন্ত্রণালয়ের সচিব ও নৈতিকতা কমিটির সভাপতি উক্ত কার্যক্রম সমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য এবং ADP বাস্তবায়নের হার বৃদ্ধির জন্য সকল সংস্থাকে তৎপর হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৬। ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্হা নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ৩য় কোয়ার্টরের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানান এবং দপ্তর/সংস্হা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর মন্ত্রণালয় কর্তৃক ৩০/০৪/২০২২ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে মর্মে সভাকে অবহিত করেন।

০৭। সভায় ‘জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২’ অর্থবছরের কার্যক্রম ৩.১ অনুযায়ী যুব উন্নয়ন অধিদপ্তরের সাভার যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থী নির্বাচন কার্যক্রম পরিবিক্ষন, ৩.২ অনুযায়ী যুব উন্নয়ন অধিদপ্তরের কেরানীগঞ্জ উপজেলার ঋণ প্রদান ও আদায় কার্যক্রম পরিবিক্ষণ, ৩.৪ অনুযায়ী ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি অনুযায়ি কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কক্সবাজার জেলার কার্যক্রম পরিবিক্ষণ এবং ৩.৫ অনুযায়ী বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার এর ক্রিকেট ক্রীড়া বিভাগের প্রশিক্ষণার্থী নির্বাচন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে পরিবিক্ষণ পূর্বক প্রতিবেদন জমা প্রদানের জন্য সভাপতি কার্যক্রম বাস্তবায়নের সংগে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

০৮। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর ‘জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১- ২২’-এর নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫/০৪/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।
খ) এ মন্ত্রণালয়ের ‘জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২’ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ৪র্থ কোয়ার্টারে (এপ্রিল-জুন/২০২২) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।
গ) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্হা নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ৩য় কোয়ার্টরের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং দপ্তর/সংস্হা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর মন্ত্রণালয় কর্তৃক ৩০/০৪/২০২২ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে।
ঘ) যুব উন্নয়ন অধিদতরের সাভার যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থী নির্বাচন কার্যক্রম এ মন্ত্রণালয়ের উপসচিব (যুব-২) কর্তৃক পরিবিক্ষণ পূর্বক আগামী ২০ জুন ২০২২ তারিখের মধ্যে প্রতিবেদন জমা প্রদান করতে হবে।
ঙ) যুব উন্নয়ন অধিদপ্তরের কেরানীগঞ্জ উপজেলার ঋণ প্রদান ও আদায় কার্যক্রম এ মন্ত্রণালয়ের উপসচিব (যুব-২) কর্তৃক পরিবিক্ষণ পূর্বক আগামী ২০ জুন ২০২২ তারিখের মধ্যে প্রতিবেদন জমা প্রদান করতে হবে।
চ) ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি অনুযায়ী কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কক্সবাজার জেলার কার্যক্রম এ মন্ত্রণালয়ের উপসচিব (ক্রীড়া-২) কর্তৃক পরিবিক্ষণ পূর্বক আগামী ২০ জুন ২০২২ তারিখের মধ্যে প্রতিবেদন জমা প্রদান করতে হবে।
ছ) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার এর ক্রিকেট ক্রীড়া বিভাগের প্রশিক্ষণার্থী নির্বাচন কার্যক্রম এ মন্ত্রণালয়ের উপসচিব (ক্রীড়া-২) কর্তৃক পরিবিক্ষণ পূর্বক আগামী ২০ জুন ২০২২ তারিখের মধ্যে প্রতিবেদন জমা প্রদান করতে হবে।
জ) ADP বাস্তবায়নের হার বৃদ্ধি করণে সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০৯। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মেজবাহ উদ্দিন

সচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.০৫.০১০.২১.১০৩ তারিখ: ১৫ চৈত্র ১৪২৮

২৯ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

২) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৩) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।

৪) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা।

৫) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

৬) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।

৭) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।

৮) যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

৯) যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১০) উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১১) উপসচিব (ক্রীড়া) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১২) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৩) সিনিয়র সহকারী সচিব(সকল)/সহকারী সচিব(সকল)/সহকারী প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৪) শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর/বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান/ক্রীড়া পরিদপ্তর/জাতীয় ক্রীড়া পরিষদ/বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।

১৫) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

এস. এম. হুমায়ুন কবির

সহকারী সচিব (এপিএ সংক্রান্ত)